Office for the Prevention of Hate Crimes

# ঘৃণা উদ্ভূত অপরাধ কী?

ঘৃণা উদ্ভূত অপরাধ এমন একটি অপরাধ যা নির্দিষ্ট কিছু ব্যক্তিগত বৈশিষ্ট্যের বিরুদ্ধে পক্ষপাতজনিত কারণে সম্পূর্ণ অথবা যথেষ্ট পরিমাণে অনুপ্রাণিত হয়। নিউ ইয়র্ক স্টেট এর আইন অনুসারে কোনও ঘটনাকে ঘৃণা উদ্ভূত অপরাধ হিসাবে শ্রেণীবদ্ধ করার ক্ষেত্রে অবশ্যই একটি অন্তর্নিহিত অপরাধ থাকতে হবে। এর অর্থ কর্তৃপক্ষকে প্রথমে নির্ধারণ করতে হবে যে কোনও অপরাধ হয়েছিল। যদি এটি নির্ধারিত হয় যে অপরাধটি পক্ষপাতমূলক কারণের প্রেরণায় সংঘটিত হয়েছিল, তাহলে ঘৃণা উদ্ভূত অপরাধের অভিযোগগুলি মূল অভিযোগের সঙ্গে যুক্ত হতে পারে।

এই বর্ধিত শাস্তিগুলি থাকার কারণ এই যে যদিও যে কোনও ভুক্তভোগীর উপর নেতিবাচক প্রভাব থাকে, ঘৃণা উদ্ভূত অপরাধগুলি অনেক গভীর এবং মানসিক স্তরে ভুক্তভোগীদের প্রভাবিত করে এবং এর প্রভাব আরও ব্যাপক — যাদের মধ্যে ভুক্তভোগীর বৈশিষ্ট্যগুলি থাকে, তারা ভয় এবং জনগোষ্ঠীতে অশান্তি তৈরি করে। অনেক ধরণের অন্তর্নিহিত অপরাধ আছে যেগুলি যখন পক্ষপাতজনিত অভিপ্রায়ের সঙ্গে যুক্ত হয়, তখন সেগুলি ঘৃণা উদ্ভূত অপরাধ হিসাবে বিবেচিত হতে পারে, এর অন্তর্ভুক্ত হল শারীরিক লাঞ্ছনা, মৌখিক হুমকি, ডাকাতি এবং চুরির ঘটনা এবং দেওয়ালচিত্রের মাধ্যমে সম্পত্তির ক্ষতি।

নিউ ইয়র্ক এর আইনটিও সুনির্দিষ্টভাবে জানায় যে যদি কেউ হয়রানি, বিরক্তি, হুমকি অথবা ভয় দেখানোর অভিপ্রায়ে স্বস্তিকা চিহ্ন অথবা ফাঁস রাখে — উভয়ই ঘৃণার ঐতিহাসিক অভিব্যক্তি — তাহলে তার বিরুদ্ধেও হয়রানিকে উসকে দেওয়ার অভিযোগ আনা যেতে পারে।

## ঘৃণা উদ্ভূত অপরাধের উদাহরণ

- ✔ ট্রেনের একজন যাত্রী বলে, “I hate gays” (“আমি সমকামীদের ঘৃণা করি”), এবং হাত ধরাধরী করে আছে এমন সমকামী দম্পতিকে মারধর করার হুমকি দেয়।
- ✔ একদল কিশোর কিশোরী স্প্রে করে একটি ভবনের দেওয়ালে স্বস্তিকা আঁকে অথবা একটি গাছ থেকে একটি ফাঁস ঝোলায়।
- ✔ একজন পথচারী কারও মুখে থুথু ফেলে চিৎকার করে বলে, “You Asians are spreading the Coronavirus!” (“তোমরা এশিয়রা করোনা ভাইরাস ছড়িয়ে দিচ্ছ!”)

## নিউ ইয়র্কের ঘৃণা উদ্ভূত অপরাধ বিষয়ক আইনের অধীনে কোন্ গোষ্ঠীগুলি স্বীকৃত?

কোনও অপরাধ পক্ষপাতমূলক কারণে পরিচালিত হয়েছিল কি না তা নির্ধারণ করার সময় নিউ ইয়র্ক স্টেট এর আইন নিম্নলিখিত পরিচয়গুলি বিবেচনা করে:

- জাতি অথবা বর্ণ
- ধর্ম অথবা ধর্মীয় অনুশীলন
- বংশপরিচয় অথবা রাষ্ট্রীয় উৎপত্তির স্থান
- লিঙ্গ
- যৌন অভিমুখীনতা
- লিঙ্গ পরিচয় অথবা অভিব্যক্তি
- প্রতিবন্ধকতা
- বয়স

## অন্তর্নিহিত অপরাধনা সংঘটিত হলে কী হবে?

অন্তর্নিহিত কোনও অপরাধ না থাকলেও কেউ পক্ষপাত এবং ঘৃণার শিকার হতে পারে। পক্ষপাতজনিত কারণে সংঘটিত ঘটনা ঘটে যখন কেউ আপনার পরিচয়ের ভিত্তিতে মৌখিকভাবে আপনার বিরুদ্ধে হয়রানি অথবা বৈষম্যমূলক আচরণ করে, কিন্তু ঘটনাটি শারীরিক আক্রমণ, আক্রমণাত্মক হুমকি বা সম্পত্তির ক্ষতির সঙ্গে জড়িত থাকে না।

পক্ষপাতমূলক ঘটনাগুলিকে বৈষম্যের উদাহরণ হিসাবে গুরুত্ব সহকারে নেওয়া হয়, তবে এগুলি অপরাধ বলে নির্ধারিত হবে এমন নাও হতে পারে। সংবিধানের বক্তব্য প্রকাশের অধিকারের বিধান দ্বারা কিছু পক্ষপাতমূলক ঘটনা সুরক্ষিত হতে পারে। অন্যগুলির ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি-তে NYC মানবাধিকার আইনের অধীনে নাগরিক জরিমানা বাড়িয়ে দেওয়া হতে পারে, যেটি মানবাধিকার বিষয়ক NYC কমিশন (NYC Commission on Human Rights) দ্বারা পরিচালিত হয়।

## পক্ষপাতমূলক ঘটনার উদাহরণ

- ✔ কেউ রাস্তায় লাতিন বংশোদ্ভূত একজনের পাশ দিয়ে হেঁটে যাওয়ার সময় চিৎকার করছেন, “I hate Mexicans,” (“আমি মেক্সিকানদের ঘৃণা করি,”) এবং, “Go back to your own country!” (“আপনার নিজের দেশে ফিরে যান!”)
- ✔ একদল কিশোর-কিশোরী একজন কৃষ্ণাঙ্গ কিশোর/কিশোরীকে ইংরেজি “N” শব্দ বলে ডাকে (অ্যাফ্রিকান-অ্যামেরিকানদের সম্বোধনে ব্যবহৃত অবমাননাকর পরিভাষা)।
- ✔ একটি রেস্তোঁরার মালিক একজন পাগড়িধারী খরিদ্দারকে বলে, “Muslims are not welcome here” (“মুসলমানরা এখানে স্বাগত নয়”)।

# আমার কী করা উচিত...

## ... যদি আমি এমন দেওয়ালচিত্র খুঁজে পাই যাতে ঘৃণা উদ্ভূত বক্তব্য অথবা স্বস্তিকা চিহ্নের মত ঘৃণাত্মক প্রতীকগুলি অন্তর্ভুক্ত?

দেওয়ালচিত্র আঁকা নিউ ইয়র্ক-এ একটি অপরাধ, এবং যদি দেওয়ালচিত্রে ঘৃণামূলক বক্তব্য অথবা প্রতীক অন্তর্ভুক্ত থাকে, তাহলে তাকে ঘৃণা উদ্ভূত অপরাধ হিসেবে বিবেচনা করা যেতে পারে। স্বস্তিকা চিহ্ন এবং ফাঁস ঘৃণার প্রতীক হিসেবে সবচেয়ে সাধারণভাবে চোখে পড়ে।

আপনি যদি এমন দেওয়ালচিত্র খুঁজে পান যাতে ঘৃণাত্মক বক্তৃতা বা ঘৃণার প্রতীক অন্তর্ভুক্ত থাকে, তাহলে 911-তে টেলিফোন করে “hate crime” (“ঘৃণা উদ্ভূত অপরাধ”) বলুন। এছাড়াও আইন বলবৎকারীদের সঙ্গে আদানপ্রদানের জন্য দেওয়ালচিত্রের ছবি তোলাও সহায়ক হবে।

## ... যদি আমি কোনও ল্যাম্পপোস্ট-এ কোনও শ্বেতাঙ্গ আধিপত্যবাদী গোষ্ঠীর প্রচারকারী স্টিকার অথবা প্রচারপত্র পাই?

যদিও স্টিকার, প্রচারপত্র এবং পোস্টার প্রথম সংশোধনী (First Amendment) দ্বারা সুরক্ষিত এবং ঘৃণা উদ্ভূত অপরাধ হিসাবে বিবেচিত হয় না, পক্ষপাতদুষ্ট বা ঘৃণামূলক বার্তাগুলির ব্যাপারে জানানো গুরুত্বপূর্ণ।

যদি প্রচারপত্রগুলিতে স্বস্তিকা চিহ্ন অথবা ফাঁসের মত নির্দিষ্ট চিত্র অন্তর্ভুক্ত থাকে, তাহলে যারা এই সামগ্রীগুলি বিতরণ করেছেন তাদের বিরুদ্ধে আরও গুরুতর অভিযোগ আনা হতে পারে এবং আপনার স্থানীয় কার্যালয়ে এই বিষয়টি জানানো উচিত।

## ... পক্ষপাতমূলক মন্তব্য করতে করতে যদি কেউ আমাকে শারীরিক হুমকি দেয়?

শারীরিক হুমকি এমনকী সংস্পর্শ না হলেও, অপরাধ হিসাবে বিবেচনা করা যেতে পারে। পক্ষপাতদুষ্ট ভাষার পাশাপাশি যখনই কেউ শারীরিক হুমকি দেয়, তখন সেটি ঘৃণা উদ্ভূত অপরাধ হিসাবে শ্রেণীবদ্ধ করা যেতে পারে।

শারীরিকভাবে কোনও ভুক্তভোগীকে হেনস্থা করার আগে যদি কেউ চিৎকার করে বলে, “I’m going to punch your Asian face,”(“আমি আপনার এশিয় মুখে ঘুষি মারব”), তাহলে সেটি ঘৃণা উদ্ভূত অপরাধ হতে পারে এবং আপনাকে ঘটনাটি 911 নম্বরেকল করে অথবা তাদের স্থানীয় কার্যালয়ে গিয়ে পুলিশকে জানাতে হবে।

## ... যদি কেউ আমার পরিচয় নিয়ে মৌখিকভাবে আমাকে হয়রানি করে, কিন্তু হুমকি না দেয় অথবা স্পর্শ না করে?

যদি কোনও ব্যক্তি আপনার জাতি, রাষ্ট্রীয় উৎপত্তি, ধর্ম, লিঙ্গ, যৌন অভিমুখীনতা অথবা লিঙ্গ পরিচয়, প্রতিবন্ধকতা অথবা অন্য কোনও সুরক্ষিত শ্রেণিভুক্ত হওয়ার কারণে আপনার হয়রানি করে, তাহলে তা বৈষম্যমূলক হয়রানি হিসাবে বিবেচিত হতে পারে এবং আপনাকে 311 নম্বরে কল করে “human rights” (“মানবাধিকার”) বলতে হবে অথবা পক্ষপাতমূলক ঘটনাটি মানবাধিকার বিষয়ক NYC কমিশন (NYC Commission on Human Rights, CCHR)-কে জানাতে হবে।

যদি আপনি নিশ্চিত না হন যে হয়রানি বৈষম্যমূলক আচরণ ছিল বা সেটি আপনার পরিচয়ের ভিত্তিতে করা হয়েছিল কি না, তাহলেও আপনি CCHR-কে টেলিফোন অথবা ই-মেল করতে পারেন এবং তারা আপনাকে আপনার অধিকার বুঝতে এবং অভিযোগ দায়ের করতে সাহায্য করবে।

## ... আমি যদি নিশ্চিত না হই যে আমি ঘৃণা উদ্ভূত অপরাধ অথবা পক্ষপাতমূলক ঘটনার শিকার হয়েছি কি না?

যদি কেউ শারীরিকভাবে আপনার ক্ষতি করে অথবা ক্ষতি করার হুমকি দেয়, তাহলে আপনার 911 নম্বরে কল করা উচিত। তবে যদি কোন্ নম্বরে কল করা উচিত সে সম্পর্কে নিশ্চিত না হন, তাহলে 311, 911 অথবা উভয়কেই নির্দ্বিধায় কল করতে পারেন।

আপনি 311 অথবা 911 যে নম্বরেই কল করুন না কেন, আপনার অভিযোগটি সঠিক জায়গায় পাঠানো হবে। কোন নম্বরটি ব্যবহার করা উচিত তা নিয়ে চিন্তা করার চেয়ে ঘটনাটি সম্পর্কে জানানো অধিক গুরুত্বপূর্ণ।

**কী ঘটে?**

**পক্ষপাতমূলক ঘটনা** | **ঘৃণা উদ্ভূত অপরাধ**

**আমাকে কী করতে হবে?**

পক্ষপাতমূলক ঘটনা: 311-তে কল করুন এবং “HUMAN RIGHTS” বলুন অথবা CCHR এর ওয়েবসাইট এ বৈষম্যমূলক আচরণ সম্পর্কিত প্রতিবেদনটি পূরণ করুন।

ঘৃণা উদ্ভূত অপরাধ: 911 নম্বরে কল করুন এবং “HATE CRIME” বলুন অথবা আপনার স্থানীয় পুলিশ কার্যালয়ে কল করুন।

**এরপরে কী হবে?**

পক্ষপাতমূলক ঘটনা: আপনার সঙ্গে CCHR কর্মীদের যোগাযোগ ঘটানো হবে যাঁরা ঘটনাটির তদন্ত করতে পারবেন অথবা আপনাকে অভিযোগ জানাতে সাহায্য করতে পারবেন।

ঘৃণা উদ্ভূত অপরাধ: আপনার সঙ্গে এমন কোনও অপারেটর এর যোগাযোগ করানো হবে যিনি বিস্তারিত তথ্য চাইবেন এবং নির্ধারণ করবেন যে তদন্তের জন্য পুলিশ পাঠানোর প্রয়োজন কি না। ভাষা সহায়তা উপলব্ধ এবং আপনাকে অভিবাসন স্থিতি সম্পর্কে কখনই জিজ্ঞাসা করা হবে না।